



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd



স্মারকনং-৫৭.২৫.০০০০.০০২.০৮.০০৫.২১.৪৬

তারিখঃ ১৮ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
০২ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ এমপিওভুক্ত মাদ্রাসার অধ্যক্ষ/সুপারগণের মেমিস সফটওয়্যারের কার্যক্রমে User ID ও Password যথাযথভাবে নিরাপদ হেফাজতে সংরক্ষণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এমপিওভুক্ত মাদ্রাসার অধ্যক্ষ/সুপারগণের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার এমপিওসহ অন্যান্য কার্যক্রমে মেমিস সফটওয়্যারে log in করার জন্য User ID ও Password প্রদান করে থাকেন। User ID ও Password সফটওয়্যার কার্যক্রমে অতিগোপনীয় ও স্পর্শকাতর হওয়া সত্ত্বেও অনেক অধ্যক্ষ/সুপারগণ তা ব্যক্তিগতভাবে নিরাপদ হেফাজতে সংরক্ষণ করেন না। এমনকি অনেক ক্ষেত্রে দেখা যায় কোন শিক্ষক, অফিস সহকারী কিংবা কম্পিউটার অপারেটর এর নিকট User ID ও Password এর তথ্য দিয়ে থাকেন। এর ফলে User ID ও Password এর মত অতি গোপনীয় ও স্পর্শকাতর বিষয়ের নিরাপত্তা থাকে না এবং User ID ও Password এর অপব্যবহার করে বিভিন্ন বেআইনি/অনৈতিক কার্যক্রম সম্পন্ন হওয়ার সম্ভাবনা/ঝুঁকি থেকে যায়।

০২। বর্তমানে ব্যবহৃত User ID ও Password এর তথ্যাদি মাদ্রাসার অধ্যক্ষ/সুপার ব্যতীত অন্য কারো নিকট দেয়া থাকলে তা সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে/সহায়তায় পরিবর্তনপূর্বক অধ্যক্ষ/সুপারগণের নিজ দায়িত্বে নিরাপদ হেফাজতে সংরক্ষণ করাই যুক্তিযুক্ত।

০৩। এমতাবস্থায় এমপিওভুক্ত মাদ্রাসার অধ্যক্ষ/সুপারগণের মেমিস সফটওয়্যারে log in করার User ID ও Password অন্য কোন শিক্ষক অথবা স্টাফ কে না দিয়ে অত্যন্ত গোপনীয়তার সাথে নিজ দায়িত্বে ব্যক্তিগতভাবে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো।

০৪। তাছাড়া কোন অবস্থাতেই User ID ও Password মাদ্রাসার অধ্যক্ষ/সুপার ব্যতিরেকে অন্য কাউকেই জানানো যাবে না। ব্যত্যয় ঘটলে কিংবা অধ্যক্ষ/ সুপারের নিকট রক্ষিত User ID ও Password দ্বারা কোন বেআইনি/অনৈতিক কার্যক্রম সম্পন্ন হলে সংশ্লিষ্ট মাদ্রাসার অধ্যক্ষ/সুপার ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

কে, এম, মুহল্লা আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অধ্যক্ষ/সুপার(সকল এমপিওভুক্ত মাদ্রাসা)

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.০৮.০০৫.২১.৪৬

তারিখঃ ১৮ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
০২ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক (সকল)
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৩। জেলা শিক্ষা অফিসার (...সকল)
- ৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (...সকল)

তঁর আওতাধীন সকল মাদ্রাসায় উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের জন্য অনুরোধসহ।

সদয়অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২। প্রকল্প পরিচালক, মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, বিএমটিটিআই, গাজীপুর।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
- ৫। সভাপতি, (সকল এমপিওভুক্ত মাদ্রাসা)

মোঃ লুৎফর রহমান
সহকারী পরিচালক (অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।